



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৬

সরকার কখনোই চায় না মানুষ কষ্টে থাকুক

---পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ৩০ শ্রাবণ (১৪ আগস্ট):

সরকার কখনোই চায় না মানুষ কষ্টে থাকুক। বৈশ্বিক দূরবস্থার কারণে ভবিষ্যতে অর্থনৈতিক মন্দা দেখা দিতে পারে। সেই কারণে এখন থেকেই প্রস্তুতি নেয়া হচ্ছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, এমপি। মন্ত্রী আজ রোববার (১৪ আগস্ট) চারঘাট উপজেলার জাহাঙ্গীরাবাদ-চককৃষ্ণপুর সড়কে বড়াল নদীর উপর নবনির্মিত ব্রীজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে এ মন্তব্য করেন।

তিনি বলেছেন, চলমান নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের উর্ধ্বগতি, লোডশেডিং পরিস্থিতির মধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির যে সিদ্ধান্ত নিয়েছেন তা এখন মানুষের কাছে অপ্রিয় হলেও দেশের স্বার্থে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত। মানুষ এখন না বুঝলেও এক সময় ঠিকই বুঝবে।

গত ১৩ বছরে দেশের নানা উন্নয়ন কাজ তুলে ধরে শাহরিয়ার আলম বলেন, পদ্মাসেতু নিয়ে কত কাহিনি হলো, সমালোচনাকারীরা বলল এই প্রকল্পের মাধ্যমে কোন ফলাফল আসবে না। অথচ আপনারা অবাক হবেন, উদ্বোধনের পর ৪৫ দিনে পদ্মাসেতুতে টোল আদায় হয়েছে ১০০ কোটি টাকারও বেশি। এটাও প্রধানমন্ত্রীর সঠিক সিদ্ধান্ত ছিল।

তিনি বলেন, গ্রামে যে উন্নয়ন হয়েছে তা অকল্পনীয়। আমরা যখন ছোট ছিলাম, তখন রাস্তা ছিল না; ব্রিজ ছিল না, বিদ্যুৎ ছিল না, অবকাঠামোগত কোনো উন্নয়ন-ই ছিল না। এখন সব হচ্ছে। সুতরাং কেউ গুজবে কান দেবেন না।

উল্লেখ্য, তিনটি স্প্যান বিশিষ্ট জাহাঙ্গীরাবাদ-চককৃষ্ণপুর সড়কে বড়াল নদীর উপর ৯৬ মিটার দীর্ঘ ও ৭.৩০ মিটার প্রস্থের সেতুটি নির্মাণ করে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। সেতুটি নির্মাণে ব্যয় হয়েছে ৫ কোটি ৯১ লক্ষ টাকা।

দুপুরে চারঘাট উপজেলা পরিষদ মিলনায়তনে জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে ২০২১-২২ অর্ধবছরের এডিপি'র বরাদ্দে দুই মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ এবং সমাজসেবা অধিদপ্তরের ৬ টি দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের জন্য অনুদান ও যুব ঋণের চেক প্রদান অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন।

ওই অনুষ্ঠানে প্রতিমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ৭৫'র ১৫ আগস্ট শহিদ তাঁর পরিবারের সদস্যদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করে বলেন, আজকে দেশের যে পরিবর্তন হয়েছে তার ভিত তৈরি করেছিলেন বঙ্গবন্ধু। বঙ্গবন্ধু বীজ রোপণ করেছিলেন আর বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সেই বীজ থেকে গঁজানো চারাগাছকে আজকের জায়গায় নিয়ে এসেছেন।

শাহরিয়ার আলম বলেন, বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর মাত্র ৩১ বছর বয়সে শেখ হাসিনা বিদেশ থেকে দেশে আসেন, সেদিন তাঁকে বাড়িতে ঢুকতে দেয়া হয় নাই, তাঁকে কেউ বাড়ি দিতে রাজি হয় নাই, তাকে যেন বাড়িভাড়া দেয়া না হয় সে নির্দেশ দেয়া হয়েছিল। তাঁর ছেলে-মেয়েকে যখন দেশে আনা হয় তাদের স্কুলে ভর্তি হতে দেয় হয় নাই। সেই শেখ হাসিনা আজকে দেশকে বদলে দিয়েছেন। তার উপর অনেক আক্রমণ করা হয়েছে। কিন্তু তারপরেও তিনি থেমে থাকেননি। তাঁর দূরদর্শী নেতৃত্বে আজ বাংলাদেশ বিশ্বের অনেক উন্নয়নশীল দেশের মধ্যে এগিয়ে।

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯  
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯  
ই-মেইল : [piddhaka@gmail.com](mailto:piddhaka@gmail.com), [piddhaka@yahoo.com](mailto:piddhaka@yahoo.com); ওয়েবসাইট : [www.pressinform.gov.bd](http://www.pressinform.gov.bd)



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

এখন দেশে ফসল উৎপাদন আগের চেয়ে ৩গুণ বেড়েছে মন্তব্য করে প্রতিমন্ত্রী বলেন, এখানে যারা আছেন আপনারা আপনাদের পিতা-মাতা, দাদা-দাদী ও বয়োজ্যেষ্ঠদের কাছে জিজ্ঞেস করে দেখবেন, এক সময় দেশ অত্যন্ত গরীব ছিল। এখন যে ফসল হয় আগে এর ৩ ভাগের ১ ভাগ হতো। রাস্তাঘাট ছিল না, স্কুল ছিল না, স্কুল থাকলেও দেখা যেত স্কুলের ছাদ ছিল না। সেই অবস্থা এখন আর নেই। সব বদলে গেছে।

দেশে কেউ অনুহীন-গৃহহীন থাকবে না উল্লেখ করে তিনি বলেন, শেখ হাসিনা বলেছেন বাংলাদেশের কোনো মানুষকে না খেয়ে থাকতে দেব না, গৃহহীন থাকতে দেব না। সেজন্য শেখ হাসিনা যে সামাজিক নিরাপত্তা বলয় তৈরি করেছেন তার-ই অংশ হিসেবে আজকে দূরারোগ্য ব্যাধিতে আক্রান্তদেরকে অনুদান ও যুব ঋণ প্রদান করা হচ্ছে।

জাতির পিতার ৪৭তম শাহাদত বার্ষিকীতে কর্মের মাধ্যমে তাঁর অবদানকে স্মরণ করার আহ্বান জানিয়ে এসময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দেশের সামনের সারির লোকেরা যদি নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন তবে দেশে কোনো সমস্যা থাকবে না।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মো. সোহরাব হোসেনের সভাপতিত্বে উপজেলা চেয়ারম্যান মো. ফকরুল ইসলাম বক্তৃতা করেন। অনুষ্ঠানে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত ৪০ জন রোগীকে ৫০ হাজার টাকার ৪০টি অনুদানের চেক ও ৪১টি যুব ঋণের চেক এবং দুস্থ মহিলাদের মাঝে ৫০টি সেলাই মেশিন বিতরণ করা হয়। ##

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/সাইদুর/২০২২/১৮.০০ঘ.